

পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি

৮৯, মহাআ গাঁও রোড, কলিকাতা- ৭০০ ০০৭

ফোন নং - ২২৪১-২০৬০/২২১৯-৮৯৩০

সার্কুলার- ৩/২০২০

কনভেনর প্রাইমারী ইউনিট, / সম্পাদক জেলা কমিটি

তারিখ : ০২-০২-২০২০

কলেজ/বিশ্ববিদ্যালয়

প্রিয় সাথী,

আপনারা সকলেই অবগত আছেন গত ২৮-০১-২০২০ তারিখে কলকাতা প্রেস ক্লাবে অধ্যাপক সমিতির নেতৃত্বে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতি, অবসরপ্রাপ্ত শিক্ষক কল্যাণ সমিতি এবং সরকারি কলেজ শিক্ষক সমিতির এক যৌথ সাংবাদিক সম্মেলন অনুষ্ঠিত হয়। এই সাংবাদিক সম্মেলনের পরে ইউ. জি. সি. সপ্তম বেতন কমিশনের সুপারিশ সংক্রান্ত একটি সংশোধিত সরকারী আদেশনামা প্রকাশ হলেও আমাদের অনেক দাবি এখনও পর্যন্ত অনাদায়ী থেকে গেছে। ১.১.২০১৬ থেকে ইউ. জি. সি. সপ্তম বেতন কমিশনের সুপারিশ Notionally কার্যকর করবার জন্য ১.১.২০১৬ থেকে ৩.১.১২.২০১৯ এই চার বছরে শিক্ষকদের ক্ষতির (প্রাপ্য বকেয়া - Entry Point ধরে) আনুমানিক একটি হিসাব এখানে দেওয়া হল।

- * অধ্যক্ষ - আনুমানিক ক্ষতি ১৯,৯১, ৫৯০ টাকা। * অধ্যাপক - আনুমানিক ক্ষতি ২৩, ১৫,০০০ টাকা।
- * সহযোগী অধ্যাপক - আনুমানিক ক্ষতি ২১, ১৫,৫২০ টাকা। * সহকারী অধ্যাপক (AGP- ৮০০০ টাকা) - আনুমানিক ক্ষতি ৯,৫০,০০০ টাকা। * সহকারী অধ্যাপক (AGP- ৭০০০ টাকা) - আনুমানিক ক্ষতি ৯,২৩,৫৯০ টাকা। * সহকারী অধ্যাপক (AGP- ৬০০০ টাকা) - আনুমানিক ক্ষতি ৭,৭১,৫৭০ টাকা।

উক্ত সাংবাদিক সম্মেলনে ইউ. জি. সি. সপ্তম বেতন কমিশনের সুপারিশ আমাদের রাজ্যে ১.১.২০১৬ থেকে Notional - এর পরিবর্তে Acutally কার্যকর করা সহ অন্যান্য বর্ষনার প্রতিবাদে যে আন্দোলন কর্মসূচী গৃহীত হয়েছে সে বিষয়ে আপনাদের দৃষ্টি আকর্ষণ করছি।

১। আগামী ৭-১৩ ফেব্রুয়ারী, ২০২০ সারা রাজ্যে 'দাবি সপ্তাহ' পালিত হবে। সদস্য বঙ্গুদের কাছে অনুরোধ আপনারা নিজ নিজ প্রতিষ্ঠানে প্রাত্যহিক কাজের সাথে সপ্তাহব্যাপী দাবি ব্যাজ পরে দাবি সপ্তাহ পালন করবেন। প্রত্যেক জেলায় দাবি ব্যাজ পাঠিয়ে দেওয়া হয়েছে। সমস্ত জেলা সভাপতি ও সম্পাদককে অনুরোধ আপনারা অবিলম্বে সব কলেজের প্রাইমারী ইউনিটের কনভেনারদের কাছে পৌছে দিন। এই দাবি ব্যাজে যে যে দাবি গুলি অন্তর্ভুক্ত হয়েছে।

- * ইউ.জি.সি-র সপ্তম বেতন কমিশনের সুপারিশ অনুযায়ী চার বছরের (১ জানুয়ারী, ২০১৬ থেকে ৩১ ডিসেম্বর, ২০১৯) বকেয়া প্রদান করতে হবে।
- * 'ROPA'-র পরিবর্তে 'ইউ. জি. সি'-র উল্লেখ করে প্রস্তাবিত নতুন বেতনক্রম সংক্রান্ত সরকারি আদেশনামা সংশোধন করতে হবে।
- * 'জনস্বার্থে' বদলি বন্ধ করতে হবে।
- * চুক্তিভিত্তিক, আংশিক সময়ের এবং অতিথি শিক্ষকসহ চুক্তিভিত্তিক গ্রাহাগারিকদের জন্য সিনিয়ারিটি অনুযায়ী নির্দিষ্ট বেতনক্রম ও চাকরির নির্দিষ্ট শর্তাবলী চালু করতে হবে।
- * সপ্তম ইউ. জি. সি. বেতনক্রমের সুপারিশ অনুযায়ী অবসরপ্রাপ্ত শিক্ষকদের যথাযথ পেনশন রিভিশন করতে হবে।

২। আগামী ১৪ ফেব্রুয়ারী, ২০২০ (শুক্রবার) মৌলানী মোড়ে বেলা ১২টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত এক অবস্থান কর্মসূচী গ্রহণ করা হয়েছে।

এই কর্মসূচিতে আপনাদের সক্রিয় অংশগ্রহণের মাধ্যমেই অনাদায়ী দাবি আদায় করা সম্ভব। তাই বঙ্গ, সকলেই এগিয়ে আসুন এবং এই আন্দোলন কর্মসূচী সফল করুন।

অভিনন্দন সহ

ক্লিপব প্রস্তুতি
(কেশব ভট্টাচার্য)
সাধারণ সম্পাদক
মোবাইল নং ৯৮৩০০২১৭৯৪